

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৪৯.২০১৪- ৪৮৬

তারিখ : ০১ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
১৫ জুন, ২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, বাগেরহাট জেলার সদর উপজেলার গোটাপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শেখ সমশের আলী কর্তৃক বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের নিকট হতে অর্থ আত্মসাতের অভিযোগ জেলা প্রশাসক, বাগেরহাটের তদন্তে প্রমাণিত হয়েছে এবং উক্ত বিষয়ে তার বিরুদ্ধে কারণ দর্শানোর জবাব সন্তোষজনক হয়নি;

যেহেতু, তার এরূপ কার্যক্রম দুর্নীতির সামিল এবং যেহেতু, জেলা প্রশাসক, বাগেরহাট কার্যালয়ের তদন্তে উল্লিখিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শেখ সমশের আলী এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৪৯.২০১৪- ৪৮৬

তারিখ : ০১ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
১৫ জুন, ২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, বাগেরহাট।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব শেখ সমশের আলী (সাময়িক বরখাস্তকৃত), চেয়ারম্যান, গোটাপাড়া ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব